



ত্রিণ ব্যাংকিং এন্ড সিসএসআর ডিপার্টমেন্ট

www.bb.org.bd

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা
ডাক বাক্স নংঃ ৩২৫

জিবিসিএসআরডি সার্কুলার লেটার নংঃ ০১

জানুয়ারি ১৮, ২০১৫

তারিখ :-----

মাঘ ০৫, ১৪২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

নবায়নযোগ্য জ্বালানি ও পরিবেশবান্ধব অর্থায়নযোগ্য খাতে পুনঃঅর্থায়ন (Refinance) স্কিম।

শিরোনামোক্ত বিষয়ে জিবিসিএসআরডি সার্কুলার নংঃ ০২ তারিখ জুলাই ০১, ২০১৩, জিবিসিএসআরডি সার্কুলার লেটার নংঃ ০১ তারিখ মে ২০, ২০১৪, জিবিসিএসআরডি সার্কুলার লেটার নংঃ ০২ তারিখ আগস্ট ১৮, ২০১৪ এবং জিবিসিএসআরডি সার্কুলার নংঃ ০৬ তারিখ অক্টোবর ১২, ২০১৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

বর্ণিত সার্কুলার ও সার্কুলার লেটার এর আওতায় “নবায়নযোগ্য জ্বালানি ও পরিবেশবান্ধব অর্থায়নযোগ্য খাতে পুনঃঅর্থায়ন স্কিম”এর নীতিমালায় ৯টি খাতে মোট ৪৭টি প্রোডাক্টে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হচ্ছে। “কারখানায় কর্মরতদের কর্মপরিবেশ ও নিরাপত্তা নিশ্চিত করণ” খাতে Bangladesh Garments Accessories & Packaging Manufacturers & Exporters Association (BGAPMEA) ও Bangladesh Terry Towel & Linen Manufacturers & Exporters Association (BTTLMEA) এর সদস্যভুক্ত শিল্প প্রতিষ্ঠান যাদের নিজস্ব কারখানা রয়েছে তাদেরকেও কারখানার নিরাপদ কর্মপরিবেশ তথা অগ্নিনির্বাপক সামগ্রী, অগ্নি প্রতিরক্ষামূলক সামগ্রী, ছাদ এবং ভূগর্ভে প্রয়োজনীয় সংখ্যক পাম্পসহ পানি সংরক্ষণাগার নির্মাণ ইত্যাদিসহ এতদ্ উদ্দেশ্যে সংস্কার, পুনর্গঠন ও প্রতিস্থাপন কাজের জন্য পুনঃঅর্থায়ন স্কিমে অন্তর্ভুক্ত করা হলো।

২। অন্যান্য সকল ক্ষেত্রে জিবিসিএসআরডি সার্কুলার নংঃ ০২/২০১৩, জিবিসিএসআরডি সার্কুলার লেটার নংঃ ০২/২০১৪ এ বর্ণিত নির্দেশনাবলী প্রযোজ্য হবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মনোজ কুমার বিশ্বাস)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০৩২০

ফ্যাক্স : ৯৫৩০৩২৭

E-mail: manoj.biswas@bb.org.bd

gm.gbcsrd@bb.org.bd